ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৭৬৩

জিরানীয়া,৬ সেপ্টেম্বর,২০২৫

**শিক্ষকরা ছাত্রছাত্রীদের শুধু পাঠদানই করেন না, জীবন গঠনের মূল কান্ডারি হিসেবেও তারা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন : পর্যটনমন্ত্রী**

শিক্ষকরা হলেন মানুষ গড়ার প্রধান কারিগর। সঠিক জ্ঞান এবং চরিত্র গঠনের মাধ্যমে তারা ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নির্ধারণ করেন। ৬৪তম শিক্ষক দিবস উদযাপন উপলক্ষ্যে আজ জিরানীয়া মহকুমার অন্তর্গত মোহনপুরের গুরুকুল কমিউনিটি হলে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তিনি বলেন, শিক্ষকরা ছাত্রছাত্রীদের শুধু পাঠদানই করেন না, জীবন গঠনের মূল কান্ডারি হিসেবেও তারা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি বলেন, প্রকৃত শিক্ষা মানুষকে বিনয়ী করে। ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগিতামূলক মানসিকতা গড়ে তোলার জন্য শিক্ষক শিক্ষিকাদের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, প্রতিযোগিতামূলক মানসিকতা গড়ে উঠলে আগামীদিনে তারা বিভিন্ন বৃত্তিমূলক পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হতে পারবে। মাদকাশক্তি থেকে ছাত্রছাত্রীদের দূরে রাখার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে তিনি শিক্ষক শিক্ষিকাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, কেবলমাত্র সুস্থ দেহ এবং মন থাকলেই সাফল্যের শিখরে পৌঁছানো সম্ভব। পর্যটনমন্ত্রী বলেন, রাজ্যের বর্তমান সরকার শিক্ষার মানোন্নয়নে নিরলসভাবে কাজ করে চলেছে। বিদ্যালয়গুলিকে আধুনিকরূপে সাজিয়ে তোলা হচ্ছে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক পল্লব কান্তি সাহা। স্বাগত বক্তব্য রাখেন জিরানীয়ার বিদ্যালয় পরিদর্শক পঙ্কজ দালাল। অনুষ্ঠানে ১০ জন প্রাক্তন এবং কর্মরত শিক্ষক শিক্ষিকাদের সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক অনিমেষ ধর, জিরানীয়ার বিডিও তুষার আলম, বরিষ্ঠ প্রাক্তন শিক্ষক পূর্ণচন্দ্র সরকার, সমাজসেবী রণজিৎ রায় চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ প্রাক্তন রাষ্ট্রপতি ড. সর্বপল্লী রাধাকৃষ্ণণের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

*****